

শামসুর রাহমান

যদি তুমি ফিরে না আসো

তুমি আমাকে ভুলে যাবে, আমি ভাবতেই পারি না।  
আমাকে মন থেকে মুছে ফেলে তুমি  
আছো এই সংসারে, হাঁটছো বারান্দায়, মুখ দেখছো  
আয়নায়, আঙুলে জড়াচ্ছে চুল, দেখছো তোমার  
সিঁথি দিয়ে বেরিয়ে গেছে অন্তহীন উদ্যানের পথ, দেখছো  
তোমার হাতের তালুতে ঝলমল করছে রূপালী শহর,  
আমাকে মন থেকে মুছে ফেলে তুমি অস্তিত্বের ভূ-ভাগে  
ফোটাচ্ছে ফুল, আমি ভাবতেই পারি না।

যখন ভাবি, হঠাৎ কোন একদিন তুমি  
আমাকে ভুলে যেতে পারো,  
যেমন ভুলে গেছো অনেকদিন আগে পড়া  
কোন উপন্যাস, তখন ভয়  
কালো কামিজ প'রে হাজির হয় আমার সামনে,  
পায়চারি করে ঘন ঘন মগজের মেঝেতে, তখন  
একটা বুনো ঘোড়া খুরের আঘাতে ক্ষত-বিক্ষত করে আমাকে  
আর আমার আর্তনাদ ঘুরপাক খেতে খেতে  
অবসন্ন হ'য়ে নিশ্চুপ এক সময়, যেমন  
ভ্রষ্ট পখিকের চিৎকার হারিয়ে যায় বিশাল মরুভূমিতে।

বিদায় বেলার সাঁঝটাঁঝ আমি মানি না,  
আমি চাই ফিরে এসো তুমি স্মৃতি-বিস্মৃতির প্রান্তর পেরিয়ে  
শাড়ির টেউ তুলে, অশ্লীল চিৎকার, সব বর্বর  
বচসা স্তব্ধ ক'রে দিয়ে তুমি ফিরে এসো চিলেকোঠায়,  
মিশে যাও আমার হৃৎস্পন্দনে।

কোথায় আমাদের সেই অনুচ্চারিত অঙ্গীকার ?  
কোথায় সেই অঙ্গীকার  
যা রচিত হয়েছিলো চোখের বিদ্যুতের বর্ণমালায় ?

আমরা কি সেই অঙ্গীকারে দিইনি এঁটে  
আমাদের চুম্বনের সীলমোহর ?  
আমি ভাবতেই পারি না সেই পবিত্র দলিল ধুলোয় লুটিয়ে  
দু'পায়ে মাড়িয়ে, পেছনে একটা চোরাবালি রেখে  
তুমি চলে যাবে স্তব্ধতার গলায় দীর্ঘশ্বাস পুরে ।

আমার চোখ মধ্যদিনের পাখির মতো ডেকে বলছে- তুমি এসো,  
আমার হাত কাতর ভায়োলিন হ'য়ে ডাকছে- তুমি এসো,  
আমার ঠোঁট তৃষ্ণার্ত তটরেখার মত ডাকছে তুমি এসো ।  
যদি তুমি ফিরে না আসো  
গীতবিতানের শব্দমালা মরুচারী পাখির মতো  
কর্কশ পাখসাটে মিলিয়ে যাবে শূন্যে,  
আর্ট গ্যালারির প্রতিটি চিত্রের জায়গা জুড়ে থাকবে  
হা-হা শূন্যতা,  
ভাস্করের প্রতিটি মূর্তি পুনরায় হয়ে যাবে কেবলি পাথর,  
সবগুলো সেতার, সরোদ, গীটার, বেহালা  
শুধু স্তূপ স্তূপ কাষ্ঠখন্ড হ'য়ে পড়ে থাকবে এক কোণে ।

যদি তুমি ফিরে না আসো,  
গরুর ওলান থেকে উধাও হবে দুধের ধারা,  
প্রত্যেকটি রাজহাঁসের পালক ঝরে যাবে,  
পদ্মায় একটি মেয়ে ইলিশও আর ছাড়বে না ডিম ।

যদি তুমি ফিরে না আসো,  
ত্রাণ তহবিলে একটি কানাকড়িও জমা হবে না,  
বেবি ফুডের প্রত্যেকটি কৌটোয় গুড়ো দুধ নয়  
কিলবিল করবে শুধু পোকামাকড় ।

যদি তুমি ফিরে না আসো,  
দেশের প্রত্যেক চিত্রকর বর্ণের অলৌকিক ব্যাকরণ  
ভুল মেরে বসে থাকবেন, প্রত্যেক কবির খাতায়  
কবিতার পঙ্ক্তির বদলে পড়ে থাকবে রাশি রাশি মরা মাছি ।

যদি তুমি ফিরে না আসো,  
এ-দেশের প্রতিটি বালিকা  
থুথুরে বুড়ি হ'য়ে যাবে এক পলকে,  
এ-দেশের প্রত্যেকটি যুবক খাবে মৃত্যুর মাত্রায়  
ঘুমের বড়ি কিংবা গলায় দেবে দড়ি ।

যদি তুমি ফিরে না আসো,  
ভোরের শীতাত হাওয়ায় কান্না পাওয়া চোখে নজরুল ইসলাম  
হস্তদন্ত হ'য়ে ফেরি করবেন হরবোলা সংবাদপত্র ।

যদি তুমি ফিরে না আসো,  
সুজলা বাংলাদেশের প্রতিটি জলাশয় যাবে শুকিয়ে,  
সুফলা শস্যশ্যামলা বাংলাদেশের  
প্রতিটি শস্যক্ষেত্র পরিণত হবে মরুভূমির বালিয়াড়িতে,  
বাংলাদেশের প্রতিটি গাছ হয়ে যাবে পাথরের গাছ,  
প্রতিটি পাখি পাথরের পাখি ।